শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

শঠিবাড়ী, রংপুর।

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫
ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০২.০০৮.১৯. 6209

তারিখ ঃ ০৮ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

"পূনঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর এর নিম্নবর্নিত শুন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস সার্ভিস কোড, পবিস নির্দেশিকা ৩০০-১৪ ,৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতিযোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে "সহকারী ক্যাশিয়ার" পদে কর্মরত আগ্রহী প্রার্থীগনের নিকট থেকে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

পদের নাম ঃ ক্যাশিয়ার।

আবেদন করার পদ্ধতি ঃ

আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিস-এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ সহ স্বহস্তে পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদনপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পার্সপোট সাইজের সত্যায়িত রঙীন ছবি, সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (৩০০-৫১ অনুযায়ী) প্রয়োজনীয় প্রশিক্ষণে উর্ত্তীনের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করনের ফটোকপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক অনাপত্তি পত্র, বিগত ০৫(পাঁচ) বৎসরের মধ্যে শাস্তির বিবরন (যদি থাকে), শাস্তি যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে তা উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নেই অথবা ফৌজদারী মামলা চলমান নেই এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র সহ আগামী ০৩/০৮/২০১৯ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকার সময় স্ব-শরীরে নিম্ন-স্বাক্ষরকারীরর অফিসে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, সকল সনদ পত্রের/প্রমানপত্রের ফটোকপি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার অথবা এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

শর্তাবলীঃ-

০১॥ আবেদনকারীকে পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ন হতে হবে।

০২॥ নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিস চাকুরীবিধি ,পবিস নির্দেশিকা ও বাপবিবোর্ড/পবিস কর্তৃক সাকুর্লার মোতাবেক বেতন ভাতা প্রদান করা হবে ।

০৩॥ বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।

০৪॥ অতীত কর্মসম্পাদানের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে জ্যৈষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

০৫॥ সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড ও সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ডপ্রাপ্ত অথবা বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড অথবা একবার লঘুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৩ বছররে ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত অথবা পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক বিভাগীয় ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই ।

০৬॥ অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর বা এলাকা পরিচালক মহিলা পরিচালকগনের স্বামী /স্ত্রী অথবা তাদের রক্তে সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই ।

০৭॥ পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য হবে না, তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকার (মিঠাপুকুর, পীরগাছা, পীরগঞ্জ, সুন্দরগঞ্জ ও সাদুল্লাপুর উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

০৮॥ যদি কেহ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমানিত হয় তবে তাহার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে ।

০৯॥ নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

১০॥ ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত /বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নাই ।

১১॥ নির্বাচিত প্রার্থীগণকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" নিয়োগ প্রদান করা হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনকসহ অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষ চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি বা পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো যেতে পারে ।

১২॥ যে কোন আবেদন পত্রএবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃক সংরক্ষিত ।

১৩॥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে ।

(মোঃ নূরুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
০১॥ নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।
০২॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো) ।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------------- পবিস-১/২/৩/৪ ।

অনুলিপি ঃ কার্যার্থে
০১॥ ডিজিএম (পীরগাছা /পীরগঞ্জ/সুন্দরগঞ্জ জোনাল অফিস ,কারিগর-সদর দপ্তর), রংপুর পবিস-১ ।
০২॥ এজিএম (প্রশাসন/ অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি, সাদুল্লাপুর সাব জোনাল অফিস), রংপুর পবিস-১ ।
০৩॥ নোটিশ বোর্ড ।

(মোঃ নূরুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার